

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অতিরিক্ত জেলা ও দায়রা জজ দেউলিয়া বিষয়ক আদালত, চট্টগ্রাম।

স্মারক নং- দে: বি: আ/৯৯/২১

তারিখ: ২৬/০৯/২০২১খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

মাননীয় জেলা ও দায়রা জজ, চট্টগ্রাম মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-৩৪০/প্রঃ বিঃ

তারিখ: ২৮ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ
১২ আগস্ট, ২০২১খ্রি. মোতাবেক নিম্ন বর্ণিত শূণ্য পদ পূরণ করার নিমিত্ত নিম্ন লিখিত

যোগ্যতা ও শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা
০১।	গাড়ি চালক	০১	৯৩০০-২২৪০০	অষ্টম শ্রেণী

১। প্রার্থীকে স্বহস্তে লিখিত আবেদনপত্র চেয়ারম্যান, বাছাই কমিটি এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ, দেউলিয়া বিষয়ক আদালত, চট্টগ্রাম বরাবর আগামী ১৭/১০/২০২১খ্রি. তারিখে ডাকযোগে অথবা সরাসরি অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

২। ১৭/১০/২০২১খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রসিন ছবি।

(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(গ) প্রার্থীর স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র বা সিটি করপোরেশনের মেয়র/কমিশনার প্রদত্ত জাতীয়তার সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার মুক্তিযোদ্ধা সংক্রান্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি।

(ঙ) প্রার্থীর বয়স প্রমাণের জন্য জে.এস.সি./জেডিসির সনদপত্র/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

(চ) চেয়ারম্যান, বাছাই কমিটি এবং অতিরিক্ত জেলা ও দায়রা জজ, দেউলিয়া বিষয়ক আদালত, চট্টগ্রাম এর অনুকূলে ১০০/- টাকার পোস্টাল অর্ডার।

৪। নিয়োগ প্রক্রিয়ায় পরীক্ষা পদ্ধতি ও অন্যান্য যোগ্যতা নিরূপণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিধিমালা প্রযোজ্য হবে।

৫। চাকরীরত প্রার্থীকে স্থায়ী উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬। প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ উপস্থাপন করতে হবে।

৭। আবেদনপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম ও প্রার্থীর নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

৮। প্রত্যেক প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রাপকের কলামে তার নাম-ঠিকানা উল্লেখপূর্বক অব্যবহৃত ডাকটিকেটসহ একটি ফেরত খাম অবশ্যই দিতে হবে।

৯। প্রাথমিক বাছাইয়ের পর বৈধ প্রার্থীর প্রতি পরীক্ষার তারিখ, সময় ও স্থান সংবলিত প্রবেশপত্র রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হবে।

১০। সরকার কর্তৃক জারীকৃত বিধি অনুযায়ী সকল প্রকার কোটা সংরক্ষণ করা হবে।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত সকল আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। নিয়োগ পরীক্ষায় উপস্থিতির জন্য কোন প্রকার দৈনিক ভাতা/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

১৩। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোহাম্মদ আবু হামান)

অতিরিক্ত জেলা ও দায়রা জজ

দেউলিয়া বিষয়ক আদালত, চট্টগ্রাম

এবং

চেয়ারম্যান

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, চট্টগ্রাম।

পিসি-১২১২/২১ (৭.৫'x২)